গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও,শেরে-বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

## আদেশ

আদেশ নং-৬৭. /২০২৪/শুল্ক/..১৩৮৬ তারিখ: ১২-০৯-২০২৪ খ্রি: ।

**বিষয়: আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ও বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধযোগ্য স্থানীয় সরবরাহ আদেশের বিপরীতে ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত জাহাজ/ড্রেজার নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের ওয়্যারহাউস সুবিধায় কাঁচামাল আমদানির ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি।**

কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ১২ এবং দ্বিতীয় তফসিল এর দফা ৭, ১১, ৩২, ৩৫ এর আলোকে আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ও বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধযোগ্য স্থানীয় সরবরাহ আদেশের বিপরীতে কেবল ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত জাহাজ/ড্রেজার নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের জন্য নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে শুল্কমুক্তভাবে কাঁচামাল আমদানির অনুমতি প্রদান করা হলোঃ

### শর্তাবলিঃ

(ক) আন্তর্জাতিক দরপত্র আবশ্যিকভাবে "পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬" এবং "পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮" এর প্রযোজ্য শর্তাদি পূরণ করতে হবে;

(খ) আন্তর্জাতিক দরপত্রে কার্যাদেশ প্রাপ্ত বন্ডেড প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে নিজ নামে (consignee) কাঁচামাল আমদানি করতে হবে এবং (Notification of Award (NOA), চুক্তিপত্রের কপি এবং আন্তর্জাতিক দরপত্রের প্রমাণক আমদানি পর্যায়ে দাখিল করতে হবে;

(গ) ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক আন্তর্জাতিক দরপত্রের সরবরাহের লক্ষ্যে পণ্য উৎপাদনের জন্য যে সকল কাঁচামাল লাগবে তা শুল্ক রপ্তানি ও প্রত্যর্পণ পরিদপ্তর (DEDO) বা প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (BUET) এর Naval Architect & Marine Engineering Department এর বিশেষজ্ঞ দলের নিকট হতে সে সকল কাঁচামালের তালিকা সংগ্রহ করতে হবে এবং তালিকায় নেই এমন কোন কাঁচামাল (পণ্য) শুল্কমুক্ত বন্ড সুবিধা প্রাপ্ত হবে না;

(ঘ) নির্মিতব্য জাহাজের কাঁচামালের যথাযথ বর্ণনা ও Specifications সহ প্রাসঙ্গিক তথ্যের বিষয়ে আমদানিকারক/বন্ডার International Classification Society এর সনদ সংগ্রহ করে শুল্ক কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে বাধ্য থাকবে;

(ঙ) কার্যাদেশ প্রাপ্তির পর এই আদেশের আওতায় বন্ডেড সুবিধায় কাঁচামাল আমদানির পূর্বে কার্যাদেশের বিপরীতে সরবরাহের উদ্দেশ্যে তালিকা (অপচয়সহ) ও যৌক্তিক পরিমাণ সম্পর্কিত তথ্যাদি পরিশিষ্ট-১ অনুযায়ী কমিশনার অব কাস্টমস (বন্ড) বা জাতীয় রাজস্ব বোর্ড হতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কমিশনার বরাবর দাখিল করতে হবে। কমিশনার প্রয়োজনীয় পরীক্ষাপূর্বক যথার্থতা প্রাপ্তি সাপেক্ষে উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতি স্বাক্ষর করবেন। প্রতিটি আমদানি পণ্যচালান শুল্কায়নকালে কমিশনার কর্তৃক অনুমোদিত পরিশিষ্ট-১ এর সত্যায়িত অনুলিপি আমদানি দলিলাদির সাথে দাখিল করতে হবে;

(চ) কাঁচামালের তালিকা যাচাইকালে যথার্থতা প্রাপ্তি সাপেক্ষে কমিশনার অব কাস্টমস (বন্ড) বা জাতীয় রাজস্ব বোর্ড হতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কমিশনার অনুমোদন এবং প্রতিস্বাক্ষর প্রদান

করবেন, তবে কমিশনারের নিকট আবশ্যক বিবেচিত হলে তিনি তা পুনঃযাচাই বা উপকরণ উৎপাদন সহগ পুনঃনির্ধারণের উদ্দেশ্যে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর অথবা প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (BUET) এর Naval Architect & Marine Engineering Department এ প্রেরণ করবেন। এ সংক্রান্ত সকল খরচ বন্ডার বহন করবে এবং উক্ত রূপ প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কমিশনার উক্ত তালিকা অনুমোদন করবেন;

(ছ) প্রতিটি কার্যাদেশের বিপরীতে প্রত্যায়িত ও আমদানিকৃত কাঁচামাল এবং সরঞ্জামাদি বন্ড রেজিস্টারে এন্ট্রি করে জাহাজ অথবা ড্রেজার নির্মাণের পর একটি নির্দিষ্ট হাল নম্বরের বিপরীতে যে পরিমাণ কাঁচামাল জাহাজ অথবা ড্রেজার নির্মাণে ব্যবহৃত হইয়াছে, জাহাজ নির্মাণকারক প্রতিষ্ঠানকে তার বিস্তারিত ঘোষণা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস (বন্ড) বা জাতীয় রাজস্ব বোর্ড হতে এতদুদ্দেশ্য ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কমিশনারের নিকট দাখিল করতে হবে;

(জ) জাহাজ বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠান জাহাজ বা ড্রেজারের নির্মাণের পর তা সরবরাহের অন্তত ৩০ (ত্রিশ) দিন পূর্বে জাহাজ নির্মাণ সম্পন্নের ঘোষণা প্রদানপূর্বক জাহাজ নির্মাণ সম্পন্নের সনদের জন্য মনোনীত International classification society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা এবং বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (BUET) এর নিকট আবেদন করবে;

(ঝ) জাহাজ বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠানের ঘোষণা ও আবেদন পাওয়ার পর তাহা পরীক্ষা নিরীক্ষাপূর্বক সঠিক প্রাপ্তি সাপেক্ষে International classification society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা জাহাজ বা ড্রেজার নির্মাণ সমাপ্ত হয়েছে (Completion of construction certificate) মর্মে প্রত্যয়নপত্র প্রদান করবে;

(ঞ) অনুরূপভাবে জাহাজ বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠান হতে আবেদন পাওয়ার পর বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (BUET) কর্তৃপক্ষ উপকরণ উৎপাদক সহগ মোতাবেক কাঁচামালের ব্যবহার যথাযথ হয়েছে কিনা তাহা নিশ্চিত হয়ে প্রত্যয়নপত্র প্রদান করবে;

(ট) জাহাজ বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠান অতঃপর International Classification society কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের হার্ড কপি এবং বুয়েট কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের হার্ড কপিসহ সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস (বন্ড) বা জাতীয় রাজস্ব বোর্ড হতে এতদুদ্দেশ্য ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কমিশনার বরাবর নির্মিত জাহাজ বা ড্রেজারের ট্রায়াল এর অনুমতির আবেদন করবেন;

(ঠ) কমিশনার অব কাস্টমস (বন্ড) বা জাতীয় রাজস্ব বোর্ড হতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কমিশনার কর্তৃক ইস্যুকৃত ট্রায়াল এর অনুমতিপত্র প্রাপ্তি সাপেক্ষে নির্মিত জাহাজ বা ড্রেজার এর ট্রায়াল সম্পন্ন করতে হবে। উক্ত ট্রায়াল এর ফলাফল যথাযথ প্রাপ্তি সাপেক্ষে মনোনীত ক্লাসিফিকেশন সোসাইটি চূড়ান্ত সনদপত্র এবং ক্রেতা প্রতিষ্ঠান Acceptance certificate প্রদান করবে;

(ড) নির্মাণকারী ওয়্যারহাইস লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান International Classification society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা কর্তৃক ইস্যুকৃত চূড়ান্ত সনদের হার্ড কপি এবং ক্রেতা প্রতিষ্ঠান কর্তৃক Acceptance certificate এর হার্ড কপিসহ কমিশনার অব কাস্টমস (বন্ড) বা জাতীয় রাজস্ব বোর্ড হতে এতদুদ্দেশ্য ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কমিশনার বরাবর চূড়ান্ত সরবরাহের অনুমতির জন্য আবেদন করবে। উক্ত দলিলাদি যাচাই সাপেক্ষে কমিশনার নির্মিত জাহাজ বা ড্রেজার রপ্তানি বা সরবরাহের অনুমতি প্রদান করবেন।

(ঢ) জাহাজ বা ড্রেজার নির্মাণকারী ওয়্যারহাইস লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে পণ্য রপ্তানির তথ্য এবং উক্ত পণ্য উৎপাদনের জন্য প্রকৃত আমদানিকৃত কাঁচামালের তথ্য তার নিরীক্ষা প্রতিবেদনে পৃথকভাবে সুস্পষ্টভাবে উল্লেখ করবে।

২। এই আদেশের অধীনে পরিশিষ্ট-২ এ বর্ণিত তালিকার পন্য শুল্কমুক্তভাবে ওয়্যারহাউস সুবিধায় আমদানিযোগ্য হবে

না।

৩। ইতঃপূর্বে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত স্থায়ী আদেশ নং-৩০/২০১৫/শুল্ক/৩৭; তারিখঃ ০৮ এপ্রিল ২০১৫ বাতিল করা হল।

৪। কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারী করা হল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

Ahsan
22-07-24

এইচ এম আহসানুল কবীর
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

পরিশিষ্ট-১
[শর্ত (ঙ) দ্রষ্টব্য]

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

..........................................................দপ্তরের বিগত...............তারিখের আন্তর্জাতিক দরপত্র নাম্বার ..........তারিখ এর কার্যাদেশ নং-...............এর বিপরীতে সরবরাহের জন্য ............পণ্য উৎপাদন কাজে আবশ্যক উপকরণ সম্পর্কিত ঘোষণা।

১। প্রতিষ্ঠানের নাম :
২। ঠিকানা :
৩। মূসক নিবন্ধন নম্বর :
৪। ওয়্যারহাউস লাইসেন্স নম্বর:

| ক্রমিক নং | পণ্যের নাম ও এইচ এস কোড | একক | পণ্যে উৎপাদনে ব্যবহার্য উপকরণের নাম (এইচ এস কোড | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ (একক) | অপচয়সহ ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ (একক) | অপচয় শতকরা হার (%) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

.............................................
প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ:

কমিশনারের প্রতিস্বাক্ষর:
দপ্তরের নাম.................

পরিশিষ্ট-২

[অনুচ্ছেদ (২) দ্রস্টব্য]

(১) এমএস রড বা বার ,এঙ্গেল এবং এমএস ওয়্যার
(২) প্রিফেব্রিকেটেড বিল্ডিং
(৩) সকল ধরনের সিমেন্ট
(৪) সকল ধরনের কেবল
(৫) পেইন্ট
(৬) লুব অয়েলসহ সকল ধরনের জ্বলানী তেল
(৭) সকল ধরনের অফিস সরঞ্জাম ও আসবাবপত্র
(৮) এয়ার কন্ডিশনার
(৯) গৃহস্থালি সামগ্রী

নথি নং- ১(১) শুল্ক: রপ্তানি ও বন্ড/৯৯ (অংশ-১)/ ৮৮৬(২৫)

তারিখ: ১২-০৯-২০২৪ খ্রি:

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১-০৩। কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা, উত্তর/দক্ষিণ/চট্টগ্রাম।
০৪-০৯। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/আইসিডি (কমলাপুর)/পানগাঁও।
১০-২০। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/সিলেট/ রাজশাহী/যশোর/খুলনা/রংপুর/কুমিল্লা।
২১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
২২। পি.এস. টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৩। পি-এ, টু সদস্য (শুল্কঃ রানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৪। President, Association of Export Oriented Shipbuilding Industries of Bangladesh, 12/3 Motijheel C/A, Dhaka.

Ahsan
22/09/24
এইচ এম আহসানুল কবীর
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)